# স্টাডি সিক্রেটস

## ক্যারিয়ার, সাকসেস এন্ড হ্যাপিনেস

এটা শুধুমাত্র বই নয় একজন ভালো মেন্টরও বটে।

প্রসেনজিৎ শিকদার

# স্টাডি সিক্রেটস

## ক্যারিয়ার, সাকসেস এন্ড হ্যাপিনেস

**প্রসেনজিৎ শিকদার**

প্রভাষক, হিসাববিজ্ঞান বিভাগ
আলহাজ্ব সারোয়ার খান ডিগ্রি
কলেজ, সেনহাটী, দিঘলিয়া, খুলনা।



# উৎসর্গ

আমার পরম পূজনীয় পিতা-মাতা, শিক্ষক মন্ডলী ও আমার পরিবারের প্রতিটা সদস্য এবং আমার খুব কাছের কিছু ভাই-বন্ধুদের। যাদের সহযোগিতা ছাড়া এই বই লেখা ও প্রকাশ করা ছিল অসম্ভব।

# লেখক পরিচিতি

প্রসেনজিৎ শিকদার–একজন স্বপ্নবাজ, স্বেচ্ছাসেবী, ব্যবসায়ী ও সামাজিক সংগঠক, যিনি তরুণ প্রজন্মকে এগিয়ে নিতে দৃঢ়প্রতিজ্ঞ। ১৯৮৭ সালের ১২ অক্টোবর খুলনা জেলার দিঘলিয়া উপজেলার বারাকপুর ইউনিয়নের লক্ষীকাটি গ্রামে জন্মগ্রহণ করা এই মানুষটি শৈশবেই পিতার চাকরিসূত্রে চলে আসেন মহেড়া পুলিশ ট্রেনিং সেন্টার, মহেড়া, মির্জাপুর, টাংগাইলে। সেখানেই কেটেছে তাঁর দুরন্ত শৈশব ও স্বপ্নময় কৈশোর। পিতা - পথেচাঁদ শিকদার, মাতা - মমতা রানী শিকদার।

শিক্ষাজীবনে মহেড়া আনন্দ উচ্চ বিদ্যালয় থেকে বিজ্ঞান বিভাগ থেকে এসএসসি পাশ করলেও পরবর্তীতে বাণিজ্যে ঝোঁক বাড়ান প্রসেনজিৎ। মেজর জেনারেল মাহামুদুল হাসান আদর্শ মহাবিদ্যালয় থেকে এইচএসসি পাশের পর ঢাকার তিতুমীর কলেজে হিসাববিজ্ঞানে অনার্স শুরু করেন। নানা চ্যালেঞ্জ পেরিয়ে অবশেষে খুলনা সরকারি বি.এল কলেজে স্থানান্তরিত হয়ে সেখান থেকেই সম্পন্ন করেন স্নাতক ও স্নাতকোত্তর (অনার্স-মাস্টার্স)। কর্পোরেট দুনিয়ায় প্রায় পাঁচ বছর সাফল্যের সঙ্গে পা রাখার পর ২০২০ সালে আলহাজ্ব সারোয়ার খান ডিগ্রি কলেজে হিসাববিজ্ঞানের প্রভাষক হিসেবে যোগদান করেন। ফিরে আসেন নিজের শেকড়ে, জন্মভূমিতে–যেখানে তিনি আজ তরুণ প্রজন্মের আইডল হিসেবে কাজ করে চলেছেন।

তবে তাঁর পরিচয় কেবল একজন শিক্ষক পর্যন্ত সীমাবদ্ধ নয়। তিনি একজন স্বেচ্ছাসেবী কর্মী, উদ্যোক্তা ও ফ্রিল্যান্সারও–যিনি বিশ্বাস করেন স্বপ্ন বড় হলে পথও খুলে যায় অনেক। চিকিৎসক, প্রকৌশলী কিংবা চাকরিজীবী হওয়া ছাড়াও যে জীবনে অসীম সম্ভাবনা আছে, সে বোধ জাগিয়ে তুলতেই তিনি নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। তরুণদের কাছে তিনি বারবার বলতে চান–“পড়ালেখা কেবল চাকরি পাওয়ার হাতিয়ার নয়; পড়ালেখা হলো মানুষ হয়ে ওঠার অনন্য সুযোগ।”

তাঁর এই ই-বুক তরুণদের মধ্যে স্বপ্নের আগুন জ্বালিয়ে দেবে–যেখানে তারা শিখবে কীভাবে নিজের সুপ্ত প্রতিভাকে জাগিয়ে তুলে পরিবার, সমাজ এবং দেশকে গর্বিত করা যায়। প্রসেনজিৎ শিকদারের লেখার মাঝে তাই পাই জীবনের উদ্দীপনা, বাস্তব অভিজ্ঞতার ঝিলিক আর স্বপ্ন ছোঁয়ার অনুপ্রেরণা–যা সাধারণকে অসাধারণত্বে পৌঁছে দিতে এক কথায় অনবদ্য।

# সূচিপত্রঃ

## ভূমিকা


- ভূমিকা ........ ০৭
- কেন এই ই-বুক? ........ ০৯
- বইটি কেন লিখলাম? ........ ১০
- বইটি কীভাবে সাহায্য করবে? ........ ১২
- কাদের জন্য এই ই-বুকটি? ........ ১৩
- আমার ইচ্ছে ........ ১৪


## অধ্যায়ঃ ০১

### শিক্ষা বনাম পড়ালেখা: ধারণা, উদ্দেশ্য ও পার্থক্য


- পড়ালেখা কী? ........ ১৭
- পড়ালেখার আসল উদ্দেশ্য কী? ........ ১৭
- ব্যক্তিগত অভিজ্ঞতা ও পর্যবেক্ষণ ........ ১৮
- শিক্ষা কী? ........ ২১
- শিক্ষার আসল উদ্দেশ্য কী? ........ ২১
- শিক্ষা বনাম পড়ালেখা: পার্থক্য ও পর্যালোচনা ........ ২২
- কার্যকরী চেকলিস্ট: শিক্ষা বনাম পড়ালেখা ........ ২৪


## অধ্যায়ঃ ০২

### লক্ষ্য নির্ধারণ ও পরিকল্পনা: সফলতার প্রথম ধাপ


প্রথম ভাগঃ নিজের জীবনের লক্ষ্য ও পরিকল্পনা ........ ২৫

- বেশির ভাগ মানুষের কোনো নির্ধারিত লক্ষ্য নাই ........ ২৫
- লক্ষ্য নির্ধারণ কেনো জরুরী ........ ২৭
- লক্ষ্য ও বাস্তবতার মধ্যে ফারাক ........ ২৮
- আমি কিভাবে আমার জীবনের লক্ষ্য (গোল) নির্ধারণ করবো? ........ ৩০

**দ্বিতীয় ভাগঃ পড়ালেখার লক্ষ্য ও পরিকল্পনা**

- SMART লক্ষ্য নির্ধারণ পদ্ধতি ........ ৩৬
- ব্যক্তিগত অভিজ্ঞতা ........ ৩৭
- স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা ........ ৩৮
- সাপ্তাহিক ও মাসিক পরিকল্পনা তৈরি ........ ৩৮
- স্মার্ট স্টাডি স্ট্র্যাটেজি ........ ৩৯
- ব্যক্তিগত অভিজ্ঞতা ........ ৩৯
- কার্যকরী চেকলিস্ট: লক্ষ্য নির্ধারণ ও পরিকল্পনা ........ ৪০

# সূচিপত্রঃ

## অধ্যায়ঃ ০৩

### টাইম ম্যানেজমেন্ট ও বাস্তবায়ন: ব্যালেন্সিংয়ের শিল্প


- আমার জীবনের সময় ব্যবস্থাপনার গল্প ........ ৪২
- ব্যালেন্সিং: সফলতার আসল চাবিকাঠি ........ ৪২
- কীভাবে সময় ব্যবস্থাপনা শিখলাম ........ ৪৩
- বাধা ও বিপর্যয় সামলানোর কৌশল ........ ৪৬
- প্রোডাক্টিভিটি বাড়ানোর কৌশল ........ ৪৭
- ব্যক্তিগত অভিজ্ঞতা ........ ৪৮
- কার্যকরী চেকলিস্ট: টাইম ম্যানেজমেন্ট ও বাস্তবায়ন ........ ৪৮


## অধ্যায়ঃ ০৪

### স্মার্ট স্টাডিঃ কৌশলে পড়াশোনা


- আমার শিক্ষাজীবনের গল্প: স্মার্ট স্টাডির প্রয়োগ ........ ৫০
- নিজস্ব সাজেশন তৈরি করা: রিসার্চের জাদু ........ ৫০
- নোট নেওয়ার দক্ষতা ........ ৫০
- পড়াশোনার কৌশল: স্মার্ট স্টাডির ম্যাজিক ........ ৫১
- পড়াশোনায় একঘেয়েমি কাটানোর কৌশল ........ ৫৫
- গ্রুপ স্টাডি বনাম একক অধ্যয়ন: কোনটি আপনার জন্য উপযোগী? ৫৫
- স্মার্ট স্টাডি: কৌশলী ও কার্যকরী ১০ টি টিপস ........ ৫৮
- কার্যকরী চেকলিস্ট: নিজের জন্য নোট তৈরি করুন ........ ৫৯


## অধ্যায়ঃ ০৫

### পরীক্ষা প্রস্তুতি–সাফল্যের কৌশল


- আমার ছাত্রজীবনের গল্প: প্রস্তুতি মানেই আত্মবিশ্বাস ........ ৬১
- পরীক্ষার প্রস্তুতির ধাপ: আমার কৌশল ........ ৬৩
- পরীক্ষার সময় সাফল্যের টিপস ........ ৬৪
- কার্যকরী চেকলিস্ট: পরীক্ষা প্রস্তুতি ........ ৬৫


## অধ্যায়ঃ ০৬

### এসএসসি, এইচএসসি ও স্নাতক পর্যায়ে ভিন্ন ভিন্ন দিকনির্দেশনা


- এসএসসি শিক্ষার্থীদের জন্য দিকনির্দেশনা ........ ৬৭
- এইচএসসি শিক্ষার্থীদের জন্য দিকনির্দেশনা ........ ৭০
- স্নাতক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য দিকনির্দেশনা ........ ৭২
- অভিজ্ঞতার আলোকে দিকনির্দেশনা ........ ৭৬
- কার্যকরী চেকলিস্ট ........ ৭৭

# সূচিপত্রঃ

## অধ্যায়ঃ ০৭

### পড়ালেখার বাইরের পড়া


- নতুন দিগন্তের সন্ধান ........ ৮০
- আমার বাইরের বই পড়ার জার্নি ........ ৮১
- বাইরের বই আমার জীবনে কী পরিবর্তন এনেছে ........ ৮৪
- পড়ার অভ্যাস গড়ে তুলুন ........ ৮৫
- বই পড়ার কয়েকটি গুরুত্বপূর্ণ কারণ ........ ৮৫
- প্রস্তাবিত বই তালিকা ........ ৮৬
- বই জীবনের এক অনন্য যাত্রা ........ ৮৭


## অধ্যায়ঃ ০৮

### পড়ালেখার পাশাপাশি স্কিল ডেভেলপমেন্ট: সময়ের চাহিদা


- প্রেজেন্টেশন স্কিল বা ভালো করে কথা বলার দক্ষতা ........ ৯২
- কমিউনিকেশন বা নেটওয়ার্কিং দক্ষতা ........ ৯৩
- ইমোশনাল ইন্টিলিজেন্স বা আবেগীয় বুদ্ধিমত্তা দক্ষতা ........ ৯৪
- লিডারশীপ বা নের্তৃত্বের দক্ষতা ........ ৯৬
- কম্পিউটার ও ইন্টারনেট দক্ষতা ........ ৯৭
- ইংরেজীতে কথা বলার দক্ষতা ........ ৯৮
- ভলান্টিয়ারিং বা স্বেচ্ছাসেবীর দক্ষতা ........ ৯৯


## অধ্যায়ঃ ০৯

### পড়ালেখার পাশাপাশি কি কি করা উচিত

#### ১. স্বেচ্ছাসেবী কার্যক্রম: সৎ থেকে সুখী হওয়ার গোপন ফর্মূলা


- আমার স্বেচ্ছাসেবী কার্যক্রম ........ ১০৪
- কেন স্বেচ্ছাসেবী কার্যক্রম করা উচিত? ........ ১০৬
- স্বেচ্ছাসেবী কাজে চ্যালেঞ্জ ও মোকাবেলা ........ ১০৭
- স্বেচ্ছাসেবী কার্যক্রমে শিক্ষার্থীদের জন্য স্মার্ট চেকলিস্ট ........ ১০৮


#### ২. পার্ট-টাইম কাজ বা ইন্টার্নশিপ


- কেন ছাত্র-ছাত্রীদের পার্ট টাইম জব করা উচিত? ........ ১১১
- কি ধরনের পার্ট টাইম চাকরি করা উচিৎ? ........ ১১২
- উপযুক্ত পার্ট-টাইম চাকরির ধরন ........ ১১৪
- পার্ট টাইম জবের সুবিধা ........ ১১৫
- পার্ট টাইম চাকরির চ্যালেঞ্জ ও মোকাবেলা ........ ১১৬
- ছাত্র-ছাত্রীদের জন্য কার্যকরী চেকলিস্ট ........ ১১৭

# সূচিপত্রঃ

**৩. শখ ও প্যাশন ধরে রাখা:**

- আমার জীবনের শখ ও প্যাশন ...... ১১৯
- কেন শখ ও প্যাশন ধরে রাখা উচিত? ...... ১২০
- শখ ও প্যাশন কিভাবে জীবন বদলায়? ...... ১২১
- কীভাবে শখ ও প্যাশনকে গুরুত্ব দিবেন? ...... ১২১
- আমার ছাত্র-ছাত্রীদের জন্য বার্তা ...... ১২২
- চেকলিস্ট: শিক্ষার্থীদের শখ ও প্যাশন ধরে রাখার জন্য করণীয় ...... ১২২

## অধ্যায়: ১০

**মানসিক স্বাস্থ্যঃ ডিপ্রেশন ও মন খারাপকে বিদায় দিয়ে সুখী হওয়া আমার চিন্তাভাবনা**

- ব্যর্থ হলে যা ভাবি ...... ১২৩
- নিজের ভালোর জন্যই নিজে ভালো হতে চাই ...... ১২৫
- জীবনে সুখী থাকার সিম্পল কিছু চিন্তা-ভাবনা ...... ২৩১
- নিজের পরিবার নিয়ে ভাবনা ...... ১২৬
- ভ্রমণ যেভাবে জীবন ও দৃষ্টিভঙ্গি বদলায় ...... ১২৭
- ডিপ্রেশন বা মন খারাপ হলে যা করি ...... ১২৮
- শেষকথা ...... ১২৯

## অধ্যায়ঃ ১১

**ছাত্র-ছাত্রীদের মনের অজানা জিজ্ঞাসা**

- আমি স্টুডেন্ট হয়েও মনে প্রশ্ন জাগে আমি কে? আমার পেশা কি? ১৩০
- আমি কি করতে চাই? আমার লক্ষ্য ও টার্গেট কি? ...... ১৩১
- পড়ালেখা কেন ভাল্লাগে না? ...... ১৩১
- ভালো ছাত্র হতে হলে কি ভালো মানুষ হওয়া জরুরি? কেন আমি ভালো মানুষ হবো? ...... ১৩৩
- আমি খারাপ ছাত্র পড়ালেখা ভালো লাগে না কিন্তু সফল হতে চাই। এখন আমার কি কি করা উচিত? ...... ১৩৩
- খারাপ ছাত্র থেকে ভালো ছাত্র হওয়ার উপায় কি? ...... ১৩৬
- ভালো ছাত্র হওয়ার গোপন ফর্মুলা কি? ...... ১৩৮
- একজন ছাত্র হিসেবে আমার কিভাবে পড়াশোনা করা উচিত? ...... ১৩৯
- ২৪ ঘন্টায় কত ঘন্টা বই পড়ব? ...... ১৪২
- আমি কি রুটিন তৈরি করে পড়াশোনা করবো নাকি টু-ডু লিস্ট করবো না নিজের মনমতো পড়বো? ......
- রাত জেগে পড়া ভালো না ভোরে বা দিনে পড়া ভালো? কোনটি ভালো পন্থা? ...... ১৪৫
- ছাত্র হিসেবে এখন আমার কী কাজ করা উচিত? ...... ১৫৩

স্টাডি সিক্রেটস ক্যারিয়ার, সাকসেস এন্ড হ্যাপিনেস প্রসেনজিৎ শিকদার

## সূচিপত্রঃ


- ভালো ছাত্রদের কেইস স্টাডি কি রকম? ............ ১৫৬
- পড়াশোনায় ভালো, রেজাল্ট নিয়েও চিন্তা নেই যাদের পড়াশোনার পাশাপাশি তারা আর কি কি করবে? ............ ১৫৯
- অনেকে পড়ালেখায় ভালো, রেজাল্ট ও ভালো কিন্তু চূড়ান্ত সফলতাটা পায় না কিন্তু কেন? এর থেকে বেরোনোর উপায় কি? ............ ১৬৩
- পড়ালেখার পাশাপাশি কি কি উপায়ে ইনকাম করা যায়? ............ ১৬৯
- পড়ালেখার জন্য ইনকাম কেন বন্ধ থাকবে? ইনকামের পাশাপাশি পড়ালেখা করা যায় এখন আপনি সিদ্ধান্ত নেন - আপনি কত বছর বয়সে ইনকাম শুরু করবেন? ............ ১৭৪
- চাকরি না ব্যবসা কোনটায় আমার ঝোক বেশি বা আমার কোনটা করা উচিত?
- ছাত্র অবস্থায় কিভাবে উদ্যোক্তা হোওয়া যায়? ............ ১৮২
- চাকরি করেন আর ব্যবসা করেন সফল মানুষদের গল্প আর দক্ষতা কিন্তু প্রায় একই। কি সেই গল্প? কি সেই দক্ষতা? ............ ১৮৬
- আমি কি সাধারণ ছাত্র থাকবো না নেতা হব নাকি সাধারণ নিরীহ প্রাণী থাকবো? ............ ১৮৯
- পড়লাম এক বিষয় এখন চাকরি পেতে গেলে পড়তে হবে অদ্ভুত সব ভিন্ন অনেক বিষয়। এ কেমন সিস্টেম? আমি চাকরি পাবো ক্যামনে? ............ ১৯২
- আমারতো মামু খালু নাই, চাকরি পামু না। পড়ালেখা কইরা হবো কি? ............ ১৯৫
- সোশাল মিডিয়ায় নজর কমিয়ে কিভাবে প্রডাক্টিভিটি বাড়ানো যায়? ............ ২০০
- সোশাল মিডিয়ায় সময় ব্যয় করে কিভাবে স্কিলড হওয়া যায়? ............ ২০৫
- মোবাইলে গেইম খেলা আমার নেশা এর থেকে বেরোবো কিভাবে? ............ ২১০
- শর্টকাটে টাকা কামাতে চাই তাই অনলাইনে বাজি খেলি কিন্তু এখন আমি প্রায় সর্বশান্ত। মুক্তির উপায় কি? ............ ২১৪

**অধ্যায়ঃ ১২**

**উদ্দীপনামূলক গল্প ও জীবন্ত উদাহরণ**

- শুরুর কথা ............ ২২৩
- প্রসেনজিত বিশ্বাসের গল্প ............ ২২৫
- শৈশব ও পরিবার ............ ২২৫
- পড়াশোনা ও প্রথম দিকের কষ্ট ............ ২২৫
- নতুন মোড়: বিশ্ববিদ্যালয় জীবন ............ ২২৬
- পারিবারিক বিপর্যয় ও ফ্রিল্যান্সিংয়ে হাতেখড়ি ............ ২২৭
- চ্যালেঞ্জ ও সফলতা ............ ২২৭
- নিজের জবানবন্দি ............ ২২৮
- সংগঠন ও স্বেচ্ছাসেবী কাজকর্ম ............ ২২৯
- তরুণদের জন্য বার্তা ............ ২৩০

**উপসংহার**

- মূল বিষয়গুলোর সারসংক্ষেপ ............ ২৩১
- ভবিষ্যতের জন্য পরামর্শ ও দিকনির্দেশনা ............ ২৩২
- পাঠকের জন্য আহ্বান: আজই শুরু করো ............ ২৩২


ক্যারিয়ার, সাকসেস এন্ড হ্যাপিনেস
প্রসেনজিৎ শিকদার

# ভূমিকা

আমি এই বই লেখার চিন্তা-ভাবনা করছি প্রায় ২/৩ বছর ধরে। যখন প্রথম এই বইটি লেখার জন্য কলম ধরেছিলাম, তখনো জানতাম না কতটা বিস্তৃত ও বহুমুখী একটি যাত্রায় পা বাড়াচ্ছি। বইটির প্রতিটি অধ্যায়ে, প্রতিটি বাক্যে, আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আর দর্শনের আলোকে বাস্তব জীবনের শিক্ষাগুলো ছুঁয়ে দেখার চেষ্টা করেছি। জীবনের নানা পর্যায়ে–শিক্ষার্থী হিসেবে, একজন পাঠক হিসেবে, আবার শিক্ষক ও লেখক হিসেবে–আমার দেখা ও শেখা প্রতিটি মুহূর্তের নির্যাস যেন এই বইয়ের প্রতিটি পাতায় মিশে আছে। আমি চেষ্টা করেছি বইটি যেন শুধুই বই না হয়ে একজন ভালো মেন্টর হয়ে উঠুক আপনার জীবনে।



আমরা সবাই জীবনে কোন না কোন ভাবে সংগ্রামের মুখোমুখি হই। সেই সংগ্রামে জয়ী হওয়ার পেছনে আমার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো নিজের অভিজ্ঞতাকে সঠিকভাবে কাজে লাগানো। হয়তো কোথাও নতুন কিছু শেখার ইচ্ছা, কোথাও থেমে যাওয়ার সামনে দাঁড়িয়েও নতুন পথ খুঁজে নেওয়ার অনুপ্রেরণা–আমি চাই এই বই আপনার সেই বন্ধুর ভূমিকায় অবতীর্ণ হোক, যে বন্ধু বলবে -- হাল না ছেড়ে শেষ পর্যন্ত লেগে থাকো বন্ধু। বন্ধুর কথায় একদিন আরেকটি বড় স্বপ্নের বীজ বুনে দেবে আপনার জীবনে।

এই বইয়ে আমি এমন কিছু দৃষ্টান্ত ও কৌশল উপস্থাপন করেছি, যেগুলো একদিকে যেমন শিক্ষার্থীদের সহায়ক হবে, তেমনি অন্যদিকে চাকরি প্রত্যাশী ও উদ্যোক্তাদের ও অনুপ্রাণিত করবে। প্রতিটি অধ্যায়ে আমি বাস্তব উদাহরণ আর নিজের ব্যক্তিগত গল্প তুলে ধরেছি। কারণ আমি বিশ্বাস করি, গল্পই হলো সেই সেতুবন্ধন–যার মাধ্যমে আমরা পরস্পরের অভিজ্ঞতা ভাগ করে নিতে পারি। আর গল্পের মাধ্যমেই শিক্ষার্থীরা যেন নিজেদের বাস্তব জীবনের সমস্যার সমাধান খুঁজে পায়, তা-ই ছিল আমার অন্যতম লক্ষ্য।

এ বইয়ের পাতা উল্টালে হয়তো কোথাও আপনি নিজের চেহারা খুঁজে পাবেন, কোথাও বা খুঁজে পাবেন আপনার আশপাশের কারো গল্প। আর এভাবেই পাঠকের সঙ্গে আমার লেখালেখির এক নিবিড় সংযোগ গড়ে উঠবে বলে আশা করি। বইটি হাতে নিয়ে যেমন আপনি নতুন কিছু শিখবেন, তেমনি শিখবেন জীবনকে এক নতুন দৃষ্টিকোণ থেকে দেখতে। আমি জানি, আমাদের সামনে পথ অনেক লম্বা। তাই এই বই শুধু পড়ে শেষ করে রাখার জন্য নয় বরং আপনার মনে যেন স্বপ্নের বারুদ আরো জ্বালিয়ে দেয়, নতুন কিছু শেখার তৃষ্ণাকে তীব্র করে তোলে–সেই উদ্দেশ্যেই প্রতিটি অনুচ্ছেদ সাজানো হয়েছে।



প্রিয় শিক্ষার্থী ও পাঠকবৃন্দ, এই বই যেমন আমার দীর্ঘদিনের স্বপ্ন ও প্রচেষ্টার ফল, তেমনি আপনাদের নিরন্তর অনুপ্রেরণার ফসল। আপনাদের ভাবনা, আপনাদের স্বপ্ন, আপনাদের উৎসাহই আমার লেখা ও গবেষণার মূল চালিকাশক্তি। আশা করি এই বই পাঠের মাধ্যমে শিক্ষা, অনুপ্রেরণা ও কর্মমুখী নির্দেশনা পেতে আপনাদের কোনো ত্রুটি হবে না। আমি প্রতিটি পৃষ্ঠায় চেষ্টা করেছি এমন একেকটি অভিজ্ঞতা উপস্থাপন করতে, যা কেবল তথ্যগত জ্ঞান নয় বরং কাজের ক্ষেত্রেও সত্যিকারের সহায়ক হয়ে উঠতে পারে।

আসুন, আমরা সবাই একসাথে এগিয়ে যাই–জীবনকে নতুনভাবে দেখা আর শেখার এই অসাধারণ অভিযাত্রায়। বইটির পাতায় পাতায় আপনার চিন্তার বিস্তার ঘটুক, আপনার অনুপ্রেরণা বহুদূর পর্যন্ত প্রবাহিত হোক আর আপনার আত্মবিশ্বাসকে আরও দৃঢ় করে তুলুক। এই বই আপনার হাতে তুলে দেওয়ার মুহূর্তে আমি সত্যিকার অর্থেই আশাবাদী–এটি আপনার কাছে হয়ে উঠবে একটি সঙ্গী, যেখানে আপনি পাবেন শিক্ষা, আনন্দ ও জীবনের প্রকৃত দিশা খোঁজার পরিপূর্ণ সুযোগ।

শুভকামনা ও অশেষ ধন্যবাদান্তে–
প্রসেনজিৎ শিকদার